জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ
www.nactar.gov.bd

স্মারক: ৫৭.২১.০০০০.০০৩.১২.০০১.২৫.১৩০৭

তারিখ: ৩০ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর অধীন জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়ার রাজস্ব খাতের স্থায়ী/অস্থায়ী পদসমূহে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে উল্লিখিত পদসমূহের বিপরীতে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://nactar.teletalk.com.bd) ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম | বেতনক্রম (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | সর্বোচ্চ বয়সসীমা | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | |
|---|---|---|---|---|---|---|
| ০১। | প্রশিক্ষক (গবেষণা সমন্বয়কারী) | ২৯০০০-৬৩৪১০ গ্রেড-৭ | ৩৫ বৎসর | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোন সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির কর্মকর্তা হিসাবে গবেষণা কাজে ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। | |
| ০২। | সহকারী ইন্সট্রাক্টর | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০ | ৩২ বৎসর | ০৪টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজিতে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিজ্ঞানে অন্যূন ১ (এক) বৎসরের ডিপ্লোমা। | **২৩ অক্টোবর, ২০২২ তারিখ ৫৭.২১.০০০০. ০০৩.১১.০০৫. ২৩.১৮৭৯ নং স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।** |
| ০৩। | সহকারী প্রশিক্ষক (কম্পিউটার) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০ | ৩২ বৎসর | ০১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফলিত পদার্থ বিদ্যা, পদার্থবিদ্যা, ইলেকট্রনিক্স, গণিত, পরিসংখ্যান বা কম্পিউটার সায়েন্স বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি<br>অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি এবং (খ) কম্পিউটার প্রোগ্রামিং ও রক্ষণাবেক্ষণ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। | |

| ক্রমিক নং | পদের নাম | বেতনক্রম (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | সর্বোচ্চ বয়সসীমা | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | |
|---|---|---|---|---|---|---|
| ০৪। | সহকারী প্রশিক্ষক (গবেষণা) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০ | ৩২ বৎসর | ০২টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজিতে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি। | **২৩ অক্টোবর, ২০২২ তারিখ প্রকাশিত বিজ্ঞপ্তির ৫৭.২১.০০০০.০০৩.১১.০০৫.২৩.১৮৭৯ নং স্মারক অনুযায়ী যে সকল প্রার্থী পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।** |
| ০৫। | সহকারী প্রশিক্ষক (ইংরেজী) | গ্রেড-৯<br>২২০০০-৫৩০৬০ | ৩২ বৎসর | ০১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজী বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ। | |
| ০৬। | মেডিকেল অফিসার | ২২০০০-৫৩০৬০<br>গ্রেড-৯ | ৩২ বৎসর | ০১টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি। | |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

১। (ক) ০১/০৯/২০২৫ খ্রিঃ তারিখে ক্রমিক ১ এ বর্ণিত প্রার্থীদের বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বৎসর এবং ২-৪ নং ক্রমিকে বর্ণিত প্রার্থীদের বয়সসীমা ১৮-৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
(খ) প্রার্থীর বয়স গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ১৮.১১.২০২৪ তারিখে জারীকৃত অধ্যাদেশ নং ১১ অনুযায়ী বিবেচিত হবে।

২। নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলি এবং কোটার ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসৃত হবে।

৩। প্রার্থী কোন কোটায় আবেদন করছেন তা আবেদনের সময় আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। পরবর্তীতে কোটা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

৪। নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূন্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হইতে পূরণ করা হবে।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ত-শাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১, ২ ও ৩ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ৪ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৭। **প্রার্থীর যোগ্যতা যাচাই:** প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে যাচিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৮। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য অযোগ্য বিবেচিত হবেন।

৯। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।অনাকাঙ্খিত ভুল ভ্রান্তি সংশোধনযোগ্য এবং অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন/সংশোধন করার অধিকার নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

১১। **মৌখিক পরীক্ষার সময়ে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ-**

১১.১ সকল সনদপত্রের মূলকপি প্রর্দশন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১১.২ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্ষেত্রমতে প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১১.৩ কোন প্রার্থী বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সেক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদি দাখিল করতে হবে:

১১.৩.১ মুক্তিযোদ্ধার নাম সংবলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

১১.৩.২ কোনো মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা'য় না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত

১১.৩.২.১ গেজেট ও সাময়িক সনদ অথবা

১১.৩.২.২ গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ অথবা

১১.৩.২.৩ গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ এর কপি Applicant's Copy এর সাথে জমা দিতে হবে। Applicant's Copy তে প্রার্থীর উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

১১.৪ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ।

১১.৫ শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ।

১১.৬ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

১২। সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভবনা থাকায় আবেদনকারীকে একাধিক পদে আবেদন করার ক্ষেত্রে নিরুৎসাহিত করা হলো।

১৩। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। **অনলাইনে (Online) আবেদনের সময়সীমা ও পদ্ধতি নিম্নরূপ:**
**আগ্রহী প্রার্থীগণ** http://nactar.teletalk.com.bd/ **ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ**

(ক) **১৬/০৯/২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা** থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।

(খ) **১৬/১০/২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার** মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই শেষ করতে হবে।

(গ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(ঘ) Online আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০) Pixel, (Jpg Format), File size maximum 60kb ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০) Pixel, (Jpg Format), File size maximum 100kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(ঙ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**(চ) <u>SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:</u>**

অনলাইন আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি, এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন।

যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy –তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৬নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি ৫০/-(পঞ্চাশ) টাকা টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **"বিশেষভাবে উল্লেখ্য যে, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

**প্রথম SMS:** NACTAR<space>User ID লিখে Send করতে হবে। 16222 নম্বরে।

Example: NACTAR ABCDEF

Reply: Applicant's Name, Tk 223/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NACTAR<space>YES<space>PIN & Send to 16222.

**দ্বিতীয় SMS:** NACTAR<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: NACTAR YES 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for NACTAR Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

**(ছ) <u>প্রবেশপত্র (Admit Card):</u>**

প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nactar.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা **হবে** বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই Admit Card টি লিখিত পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে :

NACTAR<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: NACTAR HELP USER ABCDEF

ii) PIN Number জানা থাকলে :

NACTAR<space>Help<space>PIN<space>PIN no. & Send to 16222.

Example: NACTAR HELP PIN ABCDEF

১৫। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত নূন্যতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা ,কোটা, জেলা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য পাওয়া গেলে নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহনযোগ্য হবে না।

১৬। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও নেকটার ওয়েবসাইট www.nactar.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/nactar ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.nactar.gov.bd এবং www.tmed.gov.bd ওয়েববসাইটে পাওয়া যাবে। এছাড়া প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) জানানো হবে।

১৭। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: NACTAR Post Name ******,Applicants User ID,Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৮। **ডিক্লারেশন**: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৪-০৭-২০২৫

(মোঃ গাউছুল আজম)
যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-১)
ও
সদস্য সচিব
০৭ হতে ০৯তম গ্রেডের কর্মচারীদের
নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড
প্রদান সংক্রান্ত কমিটি, নেকটার, বগুড়া।